এক্সেলসিয়র পাস বিষয়ক প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন

বাসিন্দাদের জন্য

এক্সেলসিয়র পাস সম্পর্কে

এক্সেলসিয়র পাস কী?

এক্সেলসিয়র পাস COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের নিরাপদ, ডিজিটাল প্রমাণ প্রদান করে। বর্তমানে তিন ধরনের পাস আছে:

- COVID-19 টিকাপ্রদান পাস (টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার পরে 180 দিনের জন্য বৈধ, এই সময়ে একটি নতুন পাস পুনরুদ্ধার করা যেতে পারে)
- COVID-19 PCR টেস্ট পাস (পরীক্ষার পর তৃতীয় দিন মধ্যরাত পর্যন্ত বৈধ)
- COVID-19 এন্টিজেন টেস্ট পাস (পরীক্ষার সময় থেকে 6 ঘন্টার জন্য বৈধ)

একটি মোবাইল এয়ারলাইন বোর্ডিং পাসের মতো, নিউ ইয়র্কবাসীরা তাদের স্মার্টফোনে ডিজিটালভাবে পাস সঞ্চয় করতে পারবেন অথবা অংশগ্রহণকারী ব্যবসা এবং ভেন্যুতে উপস্থাপন করতে পারবেন।

ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যুগুলি স্টেটের পুনরায় খোলার নির্দেশিকা মেনে চলার সুবিধার জন্য এক্সেলসিয়র পাস ব্যবহার করতে পারে।

এই সময়ে, পাসগুলি কেবল মাত্র COVID-19 টিকাপ্রদান বা নিউ ইয়র্ক স্টেটে প্রাপ্ত নেগেটিভ পরীক্ষার ফলাফলের জন্য পুনরুদ্ধার করা যেতে পারে।

আমি কিভাবে এক্সেলসিয়র পাস ব্যবহার করব?

এক্সেলসিয়র পাসে অংশগ্রহণ স্বেচ্ছাসেবী। আপনি যদি অংশগ্রহণ করতে চান, তাহলে আপনি অ্যাপল অ্যাপ স্টোর বা গুগল প্লে স্টোর থেকে এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ (Excelsior Pass Wallet app) ডাউনলোড করতে পারেন এবং নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর জন্য পরীক্ষা নেগেটিভ করার পর বা টিকা নেওয়ার পর আপনার পাস পুনরুদ্ধার করতে নির্দেশাবলী অনুসরণ করতে পারেন।

অন্যথায়, আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে আপনার পাস পুনরুদ্ধার করতে পারেন। ওয়েবসাইট থেকে, আপনি একটি কাগজে পাস প্রিন্ট করতে পারেন, আপনার পাসের একটি স্ক্রীনশট নিতে পারেন অথবা এটি এক্সেলসিয়র পাস ওয়ালেট মোবাইল অ্যাপে সংরক্ষণ করতে পারেন অথবা এটি আপনার অ্যাপল ওয়ালেট অ্যাপে সংরক্ষণ করতে পারেন। প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নের "একটি পাস পুনরুদ্ধার" বিভাগে পাস পুনরুদ্ধার সম্পর্কে আরো বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

অংশগ্রহণকারী ব্যবসা এবং ভেন্যু আপনার পাস বৈধ প্রমাণ করতে এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ব্যবহার করবে। তারা আপনাকে একটি ফটো আইডি উপস্থাপন করতে বলবে যাতে আপনার নাম এবং আপনার জন্ম তারিখ থাকে যাতে প্রমাণ করা যায় যে আপনি যে পাস ব্যবহার করছেন তা আপনার।

প্রাপ্তবয়স্করা অপ্রাপ্তবয়স্কদের জন্য পাস নিতে পারে।

আমার এক্সেলসিয়র পাস লাগবে কেন?

এক্সেলসিয়র পাস নিউ ইয়র্কের ব্যবসার নিরাপদ পুনঃখোলা এবং প্রকাশ্য স্থানে ফিরে আসার প্রচেষ্টার অংশ।

এক্সেলসিয়র পাস COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ দেখানোর জন্য একটি বিনামূল্যে, দ্রুত এবং নিরাপদ উপায় এবং অনেক সতর্কতা, যেমন- মাস্ক পরা এবং ক্ষমতা সীমাবদ্ধতার একটি যা প্রাক-মহামারী কার্যকলাপে ফিরে আসার গতি ত্বরান্বিত করার জন্য স্থাপন করা হয়েছে।

কিভাবে একটি পাস তৈরি হয়?

আপনার পাস আপনার COVID-19 টিকাগ্রহণ বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের ডিজিটাল প্রমাণ হিসেবে কাজ করে এবং এবং সুরক্ষিত নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটির টিকাপ্রদান ও COVID-19 টেস্টিং ডেটাবেসে আপনার সরবরাহকারী বা ল্যাবরেটরি কর্তৃক সরবরাহ করা ডেটার ভিত্তিতে তৈরি হয়।

কিছু প্রতিষ্ঠান যেগুলি নিউ ইয়র্ক স্টেটের নিয়ন্ত্রক কর্তৃপক্ষের অধীনে নেই (যেমন- ফেডারেল প্রতিষ্ঠান, নিউ ইয়র্ক স্টেটের বাইরে প্রথম দেশ ও এখতিয়ার) এই সিস্টেমগুলিতে রিপোর্ট নাও করতে পারে, যা এই সময়ে একটি পাস লভ্য করতে পারে না।

আমাকে কি এক্সেলসিয়র পাস ব্যবহার করতে হবে?

না। এক্সেলসিয়র পাসে অংশগ্রহণ স্বেচ্ছাসেবী। যদিও, এক্সেলসিয়র পাস একটি বিনামূল্যে, দ্রুত এবং নিরাপদ উপায় আপনার COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফল ব্যবসায়ীদের কাছে উপস্থাপন করার জন্য যা স্টেট পুনরায় খোলার নির্দেশিকা বা অন্যান্য উদ্দেশ্যের অংশ হিসেবে প্রয়োজন হতে পারে।

এক্সেলসিয়র পাস ব্যবহার করতে কত খরচ হয়?

এক্সেলসিয়র পাস বিনামূল্যে পাওয়া যায়।

এক্সেলসিয়র পাস ব্যবহার

স্মার্টফোন বা ইন্টারনেট অ্যাক্সেস ছাড়া নিউ ইয়র্কবাসীরা কিভাবে টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ প্রদান করতে পারে?

এক্সেলসিয়র পাসে অংশগ্রহণ স্বেচ্ছায় এবং একটি স্মার্টফোনে প্রবেশাধিকার নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসীদের অন্তর্ভুক্ত করার জন্য ডিজাইন করা হয়েছে। আপনি সহজেই https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইটের মাধ্যমে একটি কাগজের পাস প্রিন্ট করতে পারেন।

নিউ ইয়র্কবাসীরা সরাসরি কোনো ব্যবসা বা ভেন্যুতে COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের বিকল্প প্রমাণ দেখাতে পারেন, যেমন- অন্য মোবাইল অ্যাপ্লিকেশন বা কাগজের ফরম।

অংশগ্রহণকারী ব্যবসায় এক্সেলসিয়র পাস ব্যবহার করার সময় আমি কী আশা করতে পারি?

আপনি যখন এক্সেলসিয়র পাস গ্রহণ করে এমন কোনো ব্যবসা বা ভেন্যু পরিদর্শন করেন, আপনার পাস বৈধ তা নিশ্চিত করতে এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ব্যবহার করে আপনার পাসের কিউআর কোড স্ক্যান করা হবে। 18+ বছর বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য, প্রতিটি অনন্য পাসের পাশাপাশি নাম এবং জন্ম তারিখের সাথে একটি ম্যাচিং ফটো আইডি উপস্থাপন করা আবশ্যক। প্রাপ্তবয়স্করা অপ্রাপ্তবয়স্কদের জন্য পাস নিতে পারে।

একবার আপনি এবং আপনার দল একটি প্রতিষ্ঠানে প্রবেশ করলে, অনুগ্রহ করে সামাজিক দূরত্ব, মাস্ক পরা এবং হাতের পরিচ্ছন্নতা সম্পর্কে স্টেট এবং CDC নির্দেশিকা অনুসরণ করার কথা মনে রাখবেন।

আমি কিভাবে আমার পাস উপস্থাপন করব?
আপনি একটি স্ক্রীনশট, এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ বা অ্যাপল ওয়ালেট অ্যাপের মাধ্যমে আপনার স্মার্টফোনে আপনার পাস উপস্থাপন করতে পারেন। আপনি এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে একটি কাগজের পাস প্রিন্ট করতে পারেন এবং প্রিন্ট করা সংস্করণ উপস্থাপন করতে পারেন।

আমি কি একাধিক জায়গায় একটি পাস ব্যবহার করতে পারি?
হ্যাঁ। আপনার পাস যতদিন এটি সক্রিয় থাকবে ততদিন ব্যবহার করা যাবে, যতবেশি জায়গায় আপনি চান। একবার পাসের মেয়াদ শেষ হয়ে গেলে, অংশগ্রহণকারী ব্যবসা বা ভেন্যুতে তা আর গ্রহণ করা হবে না।

একটি পাস মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, আপনাকে একটি নতুন পাস পুনরুদ্ধারের প্রয়োজনীয়তা অনুসরণ করতে হবে, যাতে অতিরিক্ত পরীক্ষা অন্তর্ভুক্ত হতে পারে।

আমি কেন কাগজের পাসের বদলে এক্সেলসিয়র পাস ওয়ালেটে পাস ব্যবহার করবো?
আপনার এক্সেলসিয়র পাস ওয়ালেটে একটি পাস যোগ করলে আপনি ব্যবসা বা ভেন্যুতে প্রবেশের সময় আপনার স্মার্টফোনে দ্রুত এবং সহজেই এটি পুনরুদ্ধার করতে পারবেন। যদিও, আপনি আপনার পাস স্ক্রীনশট করতে পারেন, আপনার অ্যাপল ওয়ালেটে এটি সেভ করতে পারেন অথবা এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে প্রিন্ট করতে পারেন এবং ব্যবসা বা ভেন্যুতে সেই বাস্তব কপি দেখাতে পারেন।

আমি কি একই ডিভাইসে একাধিক ব্যক্তির জন্য পাস দেখাতে পারি?
হ্যাঁ, প্রাপ্তবয়স্ক এবং অপ্রাপ্তবয়স্কদের জন্য একাধিক পাস একই ডিভাইসে সংরক্ষণ করা যেতে পারে। 18+ বছর বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য, প্রতিটি অনন্য পাসের পাশাপাশি নাম এবং জন্ম তারিখের সাথে একটি ম্যাচিং ফটো আইডি উপস্থাপন করা আবশ্যক। প্রাপ্তবয়স্করা অপ্রাপ্তবয়স্কদের জন্য পাস নিতে পারে।

আমি কি একই ডিভাইসে একাধিক ধরনের পাস দেখাতে পারি?
হ্যাঁ। আপনি একই ডিভাইসে নিম্নলিখিত যেকোনো একটি পাস প্রকার সংরক্ষণ বা দেখাতে পারেন:

- COVID-19 টিকাপ্রদান পাস
- COVID-19 PCR টেস্ট পাস
- COVID-19 এন্টিজেন টেস্ট পাস

কতদিন আমার পাস ব্যবহার করতে হবে? এটার কি মেয়াদ শেষ হবে?
পাস তিন ধরনের যেগুলির মেয়াদের বিভিন্ন সময়সীমা আছে।

COVID-19 টিকাপ্রদান পাস টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার পর 180 দিনের জন্য দিনের জন্য বৈধ। পাসের মেয়াদ শেষ হওয়ার পর, আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে একটি নতুন পাস পুনরুদ্ধার করতে পারেন।

COVID-19 PCR টেস্ট পাস আপনার পরীক্ষার পর তৃতীয় দিন মধ্যরাত পর্যন্ত বৈধ। আপনার COVID-19 PCR টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, একটি নতুন পাস পুনরুদ্ধার করতে একটি নতুন পরীক্ষা প্রয়োজন।

COVID-19 এন্টিজেন টেস্ট পাস আপনার পরীক্ষার পর 6 ঘন্টার জন্য বৈধ। আপনার COVID-19 এন্টিজেন টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, একটি নতুন পাস পুনরুদ্ধারের জন্য একটি নতুন পরীক্ষা প্রয়োজন।

আমার পাসের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে। আমি কি আরেকটা পেতে পারি?

COVID-19 একটি অত্যন্ত সংক্রামক রোগ। নিউ ইয়র্কে COVID-19 সংক্রমণের চলমান উপস্থিতির কথা মাথায় রেখে, পাস সবার স্বাস্থ্য রক্ষার জন্য সাময়িকভাবে বৈধ। একটি পাস মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, আপনাকে একটি নতুন পাস পুনরুদ্ধারের প্রয়োজনীয়তা অনুসরণ করতে হবে।

COVID-19 টিকাপ্রদান পাস টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার পর 180 দিনের জন্য দিনের জন্য বৈধ। পাসের মেয়াদ শেষ হওয়ার পর, আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে একটি নতুন পাস পুনরুদ্ধার করতে পারেন।

COVID-19 PCR টেস্ট পাস আপনার পরীক্ষার পর তৃতীয় দিন মধ্যরাত পর্যন্ত বৈধ। আপনার COVID-19 PCR টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, একটি নতুন পাস পুনরুদ্ধার করতে একটি নতুন পরীক্ষা প্রয়োজন।

COVID-19 এন্টিজেন টেস্ট পাস আপনার পরীক্ষার পর 6 ঘন্টার জন্য বৈধ। আপনার COVID-19 এন্টিজেন টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, একটি নতুন পাস পুনরুদ্ধারের জন্য একটি নতুন পরীক্ষা প্রয়োজন।

আমার পাস প্রদর্শনের জন্য আমার কি কোনো স্মার্টফোন লাগবে?
না। আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে একটি কাগজের পাস প্রিন্ট করতে পারেন।

আমি কি নিউ ইয়র্ক ছাড়া অন্য স্টেটে এক্সেলসিয়র পাস ব্যবহার করতে পারি?
বর্তমানে, এক্সেলসিয়র পাস শুধুমাত্র নিউ ইয়র্কে গৃহীত হয়।

একটি পাস পুনরুদ্ধার করা

আমার পাস পুনরুদ্ধারের জন্য আমাকে কী তথ্য দিতে হবে?
আপনার পাস পুনরুদ্ধার করতে, আপনাকে আপনার নামের প্রথম ও শেষ অংশ, জন্ম তারিখ এবং জিপ কোড সহ মৌলিক ব্যক্তিগত তথ্য প্রদান করতে হবে। এছাড়াও আপনাকে তিনটি "চ্যালেঞ্জ প্রশ্ন" দিয়ে আপনার পরিচয় যাচাই করতে হবে যার উত্তর আপনার কাছে অনন্য। যখনই আপনি একটি পাস পুনরুদ্ধার করবেন তখন আপনাকে এই তথ্য প্রবেশ করাতে হবে।

আমার নাবালক সন্তান আছে। তাদের কি পাস লাগবে? তারা কিভাবে পাস পেতে পারে?
যারা নিউ ইয়র্ক স্টেটে COVID-19 টিকাপ্রদান অথবা পরীক্ষায় নেগেটিভ ফলাফল পেয়েছেন, তিনি শিশুসহ পাস পাওয়ার যোগ্য। বাবা-মা চাইলে তাদের সন্তানদের পক্ষ থেকে পাস পুনরুদ্ধার এবং সঞ্চয় করতে পারেন।

পাস পেতে আমাকে কি একটি স্মার্টফোন অ্যাপ ইনস্টল করতে হবে?
এক্সেলসিয়র পাসে অংশগ্রহণ স্বেচ্ছাসেবী। যখন একটি স্মার্টফোন অ্যাপ লভ্য, আপনার পাস পুনরুদ্ধার এবং ব্যবহার করতে এটির প্রয়োজন নেই।

আপনি যদি অংশগ্রহণ করতে চান, আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে আপনার পাস পুনরুদ্ধার করতে পারেন। ওয়েবসাইট থেকে, আপনি একটি কাগজের পাস প্রিন্ট করতে পারেন, আপনার পাসের একটি স্ক্রীনশট নিতে পারেন অথবা এক্সেলসিয়র পাস ওয়ালেট মোবাইল অ্যাপে আপনার পাস সংরক্ষণ করতে পারেন অথবা আপনার অ্যাপল ওয়ালেট অ্যাপে আপনার পাস সংরক্ষণ করতে পারেন।

আমি যদি নিউ ইয়র্কের বাসিন্দা না হই তাহলে আমি কি পাস পেতে পারি?

পাস পুনরুদ্ধারের জন্য আপনাকে নিউ ইয়র্কের বাসিন্দা হতে হবে না, যাইহোক, আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষায় নেগেটিভ ফলাফল পেতে হবে।

নিউ ইয়র্কের বাইরের কোনো স্টেট, অঞ্চল, দেশ বা ফেডারেল এখতিয়ারে যদি আমি পরীক্ষা করে থাকি বা সম্পূর্ণ টিকা নিয়ে থাকি তবে আমি কি পাস পেতে পারি?

বর্তমানে, পাস পুনরুদ্ধারের যোগ্য হতে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে একটি COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষায় নেগেটিভ ফলাফল পেতে হবে।

আপনার পাসটি স্টেট টিকাপ্রদান ও COVID-19 পরীক্ষার ডেটাবেসগুলির লভ্য তথ্যের উপর ভিত্তি করে তৈরি হয়। কিছু প্রতিষ্ঠান যেগুলি নিউ ইয়র্ক স্টেটের নিয়ন্ত্রক কর্তৃপক্ষের অধীনে নেই (যেমন- ফেডারেল প্রতিষ্ঠান, নিউ ইয়র্ক স্টেটের বাইরে প্রথম দেশ ও এখতিয়ার) এই সিস্টেমগুলিতে রিপোর্ট নাও করতে পারে, যা এই সময়ে একটি পাস লভ্য করতে পারে না।

যদি আপনি নিউ ইয়র্ক স্টেটের বাইরে পরীক্ষা বা সম্পূর্ণ টিকা গ্রহণ করে থাকেন, আপনি সবসময় COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের বিকল্প প্রমাণ বা অন্য কোনো মোবাইল অ্যাপ্লিকেশন বা কাগজের ফরমের মতো সরাসরি ব্যবসায় বা ভেন্যুতে প্রদর্শন করতে পারেন।

পাস পুনরুদ্ধারের জন্য পরীক্ষা এবং/অথবা টিকাকরণের প্রয়োজনীয়তা কী?

আপনি যদি গত 10 দিনে COVID-19 এর পরীক্ষায় পজিটিভ না হয়ে থাকেন তাহলে আপনি একটি পাস পুনরুদ্ধার করতে পারেন এবং

- আপনাকে নিউ ইয়র্ক স্টেটে সম্পূর্ণভাবে টিকা দেওয়া হয়েছে এবং আপনার চূড়ান্ত শটের পর থেকে 15 দিন বা তার বেশি সময় হয়েছে অথবা
- গত 3 দিনে নিউ ইয়র্ক স্টেটে আপনার PCR পরীক্ষা করা হয়েছে এবং এর ফলাফল নেগেটিভ ছিল অথবা
- গত 6 ঘন্টায় নিউ ইয়র্ক স্টেটে আপনার একটি এন্টিজেন পরীক্ষা করা হয়েছে এবং এর ফলাফল নেগেটিভ ছিল।

একটি COVID-19 টিকাপ্রদান পাস পুনরুদ্ধার করতে, আপনি যে টিকা পেয়েছেন তা অবশ্যই FDA কর্তৃক অনুমোদিত হতে হবে, যার মধ্যে রয়েছে ফাইজার-বায়োএনটেক, মডার্না এবং জনসন অ্যান্ড জনসন/জ্যানসেন। COVID-19 টিকাপ্রদান পাস টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার 15 দিন পর উদ্ধার করা যেতে পারে। ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টিকার জন্য 3-4 সপ্তাহের ব্যবধানে দুটি ডোজ প্রয়োজন এবং জনসন অ্যান্ড জনসন/জ্যানসেন টিকার জন্য এক ডোজ প্রয়োজন। আপনি যদি আপনার চূড়ান্ত টিকাপ্রদান ডোজের 15 দিন পর আপনার COVID-19 টিকাপ্রদান পাস পুনরুদ্ধার করতে না পারেন, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার ভ্যাকসিন ডকুমেন্টেশনের আপনার নাম ও ডেটার সাথে মিল আছে এবং পরে আবার চেষ্টা করুন।

COVID-19 PCR টেস্ট পাস এবং COVID-19 এন্টিজেন টেস্ট পাস সাধারণত আপনার সরবরাহকারী বা ল্যাব থেকে আপনার পরীক্ষার নেগেটিভ ফলাফল পাওয়ার কয়েক ঘন্টার মধ্যে পাওয়া যায়। আপনি যদি আপনার COVID-19 PCR টেস্ট পাস বা আপনার COVID-19 এন্টিজেন টেস্ট পাস পুনরুদ্ধার করতে না পারেন, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার ভ্যাকসিন ডকুমেন্টেশনের আপনার নাম ও ডেটার সাথে মিল আছে এবং পরে আবার চেষ্টা করুন।

আমি যদি PCR পরীক্ষা করে থাকি তাহলে আমি কি পাস পুনরুদ্ধার করতে পারি?

হ্যাঁ, যদি আপনার PCR পরীক্ষা নিউ ইয়র্কে পরিচালিত হয়, আপনার পাস পুনরুদ্ধারের প্রচেষ্টার 3 দিনের মধ্যে করা হয়ে থাকে এবং আপনার ফলাফল নেগেটিভ হয়।

আপনার সরবরাহকারী বা ল্যাব থেকে আপনার পরীক্ষার নেগেটিভ ফলাফল পাওয়ার কয়েক ঘন্টার মধ্যে পাস পাওয়া যায়। আপনি যদি আপনার পরীক্ষার ফলাফল পাওয়ার পর আপনার COVID-19 PCR টেস্ট পাস পুনরুদ্ধার করতে না পারেন, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার ভ্যাকসিন ডকুমেন্টেশনের আপনার নাম ও ডেটার সাথে মিল আছে এবং পরে আবার চেষ্টা করুন।

আমি কি একটা পাস উদ্ধার করতে পারি যদি আমি এন্টিজেন টেস্ট করি?
হ্যাঁ, যদি আপনার এন্টিজেন পরীক্ষা নিউ ইয়র্কে পরিচালিত হয়, আপনার পাস পুনরুদ্ধারের প্রচেষ্টার 6 ঘন্টার মধ্যে করা হয়ে থাকে এবং আপনার ফলাফল নেগেটিভ হয়।

আপনার সরবরাহকারী বা ল্যাব থেকে আপনার পরীক্ষার নেগেটিভ ফলাফল পাওয়ার কয়েক ঘন্টার মধ্যে পাস পাওয়া যায়। আপনি যদি আপনার পরীক্ষার ফলাফল পাওয়ার পর আপনার COVID-19 এন্টিজেন টেস্ট পাস পুনরুদ্ধার করতে না পারেন, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার ভ্যাকসিন ডকুমেন্টেশনের আপনার নাম ও ডেটার সাথে মিল আছে এবং পরে আবার চেষ্টা করুন।

যদি আমি COVID-19 ভ্যাকসিন পেয়ে থাকি তাহলে আমি কি পাস পুনরুদ্ধার করতে পারি?
হ্যাঁ, আপনি যদি FDA অনুমোদিত COVID-19 টিকার সকল প্রয়োজনীয় ডোজ পেয়ে থাকেন এবং আপনার টিকা নিউ ইয়র্ক স্টেটে সম্পন্ন হয়।

আপনার COVID-19 টিকাপ্রদানের পাস আপনার চূড়ান্ত ডোজের 15 দিন পরে আপনার জন্য লভ্য হবে এবং টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার পরে 180 দিনের জন্য বৈধ। পাসের মেয়াদ শেষ হওয়ার পর, আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে একটি নতুন পাস পুনরুদ্ধার করতে পারেন।

আপনি যদি আপনার চূড়ান্ত টিকাপ্রদান ডোজের 15 দিন পর আপনার COVID-19 টিকাপ্রদান পাস পুনরুদ্ধার করতে না পারেন, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার ভ্যাকসিন ডকুমেন্টেশনের আপনার নাম ও ডেটার সাথে মিল আছে এবং পরে আবার চেষ্টা করুন।

নীতিমালা

PCR পরীক্ষা এবং এন্টিজেন পরীক্ষার মধ্যে পার্থক্য কী?
ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) অনুসারে, PCR পরীক্ষা হচ্ছে আণবিক পরীক্ষা যা ভাইরাসের জেনেটিক উপাদান শনাক্ত করে এবং এন্টিজেন পরীক্ষা ভাইরাস থেকে নির্দিষ্ট প্রোটিন শনাক্ত করে। FDA এর করোনাভাইরাস ডিজিজ 2019 টেস্টিং বেসিকস এ পরীক্ষা সম্পর্কে আরো পড়ুন।

আমাকে কী ধরনের পরীক্ষা করতে হবে?
COVID-19 PCR পরীক্ষা এবং COVID-19 এন্টিজেন উভয় পরীক্ষার জন্য পাস উদ্ধার করা যেতে পারে; যদিও, টিকাপ্রদান এবং/অথবা পরীক্ষার প্রয়োজনীয়তা আপনার পরিকল্পনা করা ব্যবসা বা স্থানের উপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে।

এটা সুপারিশ করা হয় যে নির্দিষ্ট এন্ট্রি প্রয়োজনীয়তা বুঝতে আপনি যে ব্যবসা বা ভেন্যু পরিদর্শন করতে চান তার সাথে যোগাযোগ করুন। সাধারণ, শিল্প ভিত্তিক পুনরায় খোলার নির্দেশিকা https://forward.ny.gov/ এ পাওয়া যাবে।

আমি কোথায় পরীক্ষা করাতে পারি?

আপনি https://coronavirus.health.ny.gov/find-test-site-near-you পরিদর্শন করে আপনার কাছাকাছি একটি পরীক্ষা কেন্দ্র পাবেন। আপনার যদি পরীক্ষার যোগ্যতা বা প্রবেশাধিকার নিয়ে প্রশ্ন থাকে, তাহলে আপনাকে নিউ ইয়র্ক স্টেট COVID-19 হটলাইনে 1-888-364-3065 নম্বরে ফোন করতে হবে অথবা https://covid19screening.health.ny.gov এ ভিজিট করতে হবে।

আমি কি আমার পাস অন্য কারো কাছে হস্তান্তর করতে পারি?

না। আপনার পাস আপনার পরীক্ষা বা টিকাপ্রদানের ইতিহাসের জন্য নির্দিষ্ট এবং অন্য কারো কাছে স্থানান্তর করা যাবে না। যখন আপনি একটি পাস ব্যবহার করেন, আপনাকে ফটো আইডি দেখাতে হবে যা আপনার নাম এবং জন্ম তারিখ ধারণ করে যা প্রমাণ করে যে আপনি পাসের মালিক কিনা।

আমি কি পাস ব্যবহার না করে আমার পরীক্ষার ফলাফল প্রিন্ট আউট করতে পারি?

হ্যাঁ। আপনি যদি চান, আপনি আপনার প্রোভাইডার বা ল্যাব থেকে একটি ল্যাব রিপোর্ট পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ হিসেবে ব্যবহার করতে পারেন।

আমি যদি কোনো অনুষ্ঠানের টিকিট কিনে থাকি তাহলে আমি কি টাকা ফেরত পেতে পারি, যদি আমার পাস বৈধ না হয়?

আপনি যে ব্যবসা বা ভেন্যুতে যাচ্ছেন তার জন্য অর্থ ফেরত নীতি অনন্য। এটা সুপারিশ করা হয় যে আপনি তাদের ফেরত পলিসি সম্পর্কে সরাসরি ব্যবসা বা ভেন্যুর সাথে পরামর্শ করতে পারেন।

নিরাপত্তা এবং গোপনীয়তা

আমার ডেটা কি ব্যক্তিগত এবং নিরাপদ?

আপনার ডেটা ব্যক্তিগত, নিরাপদ এবং শুধুমাত্র আপনার পাস পুনরুদ্ধার করতে ব্যবহৃত হয়। COVID-19 টিকাকরণ বা পরীক্ষার ফলাফল বৈধ করার একমাত্র উদ্দেশ্য ছাড়া আপনার ব্যক্তিগত ডেটা বিক্রয় বা বিপণনের উদ্দেশ্যে ব্যবহার করা হবে না।

এক্সেলসিয়র পাস আপনাকে আপনার ব্যক্তিগত ডেটার নিয়ন্ত্রণ বজায় রাখতে এবং এমনভাবে শেয়ার করার ক্ষমতা দেয় যা নিরাপদ, যাচাইযোগ্য এবং বিশ্বস্ত। আপনার পাস ক্রিপ্টোগ্রাফিক স্বাক্ষর ধারণ করে যা নিশ্চিত করে যে এটি আসল এবং কোনো ডাটা-টেম্পারিং ঘটেনি।

আপনি যদি এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ ব্যবহার করতে পছন্দ করেন, সেক্ষেত্রে শুধুমাত্র আপনার সেভ করা পাসগুলি আপনার মোবাইল ডিভাইসে সংরক্ষণ করা হবে। আপনি যেকোনো সময় পাস মুছে ফেলতে পারেন।

আমার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য কি আমার ফোনে অথবা এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপে সংরক্ষণ করা হবে?

আপনি যদি এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ ব্যবহার করতে পছন্দ করেন, তাহলে আপনার ডিভাইসে কোনো ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য সংরক্ষিত করা হয় না। আপনার পাসে সংরক্ষিত একমাত্র ব্যক্তিগত শনাক্তকরণ তথ্য হল আপনার নামের প্রথম ও শেষ অংশ এবং জন্ম তারিখ। আপনি যেকোনো সময় পাস মুছে ফেলতে পারেন।

আপনার পরিচয় যাচাই করতে ব্যবহৃত "চ্যালেঞ্জ প্রশ্নের" উত্তর সংরক্ষণ করা হবে না, তাই আপনি প্রতিবার একটি নতুন পাস পুনরুদ্ধার করার সময় আপনার পরিচয় যাচাই করতে হবে।

যখন আপনার পাস স্ক্যান করা হয়, এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ পাসের ধরন এবং স্ক্যানের ফলাফল সম্পর্কে বিশ্লেষণ সংগ্রহ করে। পাস থেকে কোনো ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা সংরক্ষণ করা হয় না।

এক্সেলসিয়র পাস কোন কোন স্বাস্থ্য তথ্য এক্সেস করতে পারে?

যখন আপনি নিউ ইয়র্ক স্টেটে COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষা পান, স্বাস্থ্য বিভাগ আপনার টিকা প্রদানকারী, সরবরাহকারী বা ল্যাব থেকে আপনার রেকর্ডের একটি কপি পায়। আপনার প্রদত্ত তথ্য ব্যবহার করে, এক্সেলসিয়র পাস আপনার COVID-19 টিকাকরণ বা নেগেটিভ COVID-19 পরীক্ষার ফলাফলের জন্য স্বাস্থ্য বিভাগের রেকর্ড অনুসন্ধান করে এবং তারপর আপনার নাম, জন্ম তারিখ, পাস টাইপ এবং পাসের মেয়াদ উত্তীর্ণের তারিখসহ একটি পাস প্রদান করে। অন্য কোনো তথ্যের অ্যাক্সেস বা সংরক্ষিত নেই।

এক্সেলসিয়র পাস কি তথ্য সংগ্রহ বা সঞ্চয় করে?

আপনি যদি এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ ব্যবহার করতে পছন্দ করেন, সেক্ষেত্রে শুধুমাত্র আপনার সেভ করা পাসগুলি আপনার মোবাইল ডিভাইসে সংরক্ষণ করা হবে। সংরক্ষিত পাস আপনার নাম, জন্ম তারিখ, পাস টাইপ এবং পাসের মেয়াদ উত্তীর্ণের তারিখ ধারণ করে। আপনি যেকোনো সময় পাস মুছে ফেলতে পারেন।

আপনার পরিচয় যাচাই করতে ব্যবহৃত "চ্যালেঞ্জ প্রশ্নের" উত্তর সংরক্ষণ করা হবে না, তাই আপনি প্রতিবার একটি নতুন পাস পুনরুদ্ধার করার সময় আপনার পরিচয় যাচাই করতে হবে।

যখন আপনার পাস স্ক্যান করা হয়, এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ পাসের ধরন এবং স্ক্যানের ফলাফল সম্পর্কে বিশ্লেষণ সংগ্রহ করে। পাস থেকে কোনো ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা সংরক্ষণ করা হয় না।

এক্সেলসিয়র পাস ওপেন সোর্স নাকি ওপেন সোর্স প্রযুক্তিতে নির্মিত?

না। এক্সেলসিয়র পাস ওপেন সোর্স নয় বা এটি ওপেন সোর্স প্রযুক্তির উপর নির্মিত নয়। যাইহোক, এক্সেলসিয়র পাস চারপাশের উন্মুক্ত মানের উপর নির্মিত। এটি একটি গুরুত্বপূর্ণ পার্থক্য। ওপেন সোর্স বলতে এমন সফটওয়্যারকে বোঝায় যার সোর্স কোড ব্যবহার, পরিবর্তিত বা প্রসারিত করার জন্য অবাধে লভ্য থাকে। এক্সেলসিয়র পাস কোডবেস ব্যক্তিগত ও কোনো বাহ্যিক ডেভেলপারদের জন্য লভ্য নয়। ওপেন স্ট্যান্ডার্ডগুলি সেই স্পেসিফিকেশনগুলিকে নির্দেশ করে যা বর্ণনা করে যে কিভাবে সফটওয়্যারের একটি অংশ অন্যান্য অ্যাপ্লিকেশন বা সিস্টেমের সাথে ইন্টারেক্ট করে। এক্সেলসিয়র পাসটি অন্যান্য টিকা বা টেস্ট পাসের সাথে ভবিষ্যতের সামঞ্জস্যতা নিশ্চিত করার জন্য উন্মুক্ত মান দিয়ে নির্মিত।

এক্সেলসিয়র পাস কি আমার অবস্থান ট্র্যাক করে?

না। এক্সেলসিয়র পাস আপনার অবস্থান ট্র্যাক করে না।

আমার পাস স্ক্যান করার সময় ব্যবসায়ীরা কি ব্যক্তিগত তথ্য দেখতে পায়?

আপনার পাস স্ক্যান করার সময় ব্যবসা বা ভেন্যু একমাত্র যে তথ্য দেখতে পারে তা হলো আপনার নাম, জন্ম তারিখ, পাসের ধরন এবং পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ। উপরন্তু, এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ একটি ব্যবসা বা ভেন্যুকে জানাতে দেয় আপনার পাস বৈধ কিনা।

একটি বৈধ পাস নির্দেশ করে যে আপনাকে হয় COVID-19 এর বিরুদ্ধে সম্পূর্ণভাবে টিকা দেওয়া হয়েছে অথবা আপনার সাম্প্রতিক নেগেটিভ COVID-19 পরীক্ষা হয়েছে। একটি অকার্যকর বা মেয়াদউত্তীর্ণ পাস একটি ইঙ্গিত নয় যে আপনার COVID-19 আছে।

যারা আমার পাস স্ক্যান করে তারা কি আমার ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা সংরক্ষণ করতে পারবে?

না। এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপটি আপনার তথ্য ডাউনলোড বা সংরক্ষণ করে না, তাই আপনি যদি কোনো অংশগ্রহণকারী ব্যবসা বা ভেন্যু থেকে চলে গিয়ে আবার ফিরে যান তাহলে আপনার পাস আবার স্ক্যান করতে হবে।

আমি কিভাবে নিশ্চিত করতে পারি যে আর কেউ আমার পাস ব্যবহার করে না?

আপনার পাস শুধুমাত্র আপনার নাম, জন্ম তারিখ, জিপ কোড, ফোন নম্বর এবং আপনার অনন্য "চ্যালেঞ্জ প্রশ্নের" সঠিক উত্তর জেনে পুনরুদ্ধার করা যাবে। ব্যবসা বা ভেন্যু একটি ফটো আইডির সাথে পাসের নাম এবং জন্ম তারিখ সমন্বয় করে প্রত্যেক পাস হোল্ডারের পরিচয় যাচাই করবে।

যদি আমি একটি পরীক্ষার পজিটিভ ফলাফলের পর পাস পুনরুদ্ধারের চেষ্টা করি তাহলে কি স্টেট বা স্থানীয় ব্যবসায়ীদের জানানো হবে?

না। এক্সেলসিয়র পাস আপনার ডেটা কারো সাথে শেয়ার করে না এবং আপনি যদি একটি পরীক্ষার পজিটিভ ফলাফল পান তাহলে একটি পাস পুনরুদ্ধার করা যাবে না।

আমি কি এই অ্যাপটি ব্যবহার করে দেখতে পারি যে অন্য কাউকে পুরোপুরি টিকা দেওয়া হয়েছে নাকি পরীক্ষা নেগেটিভ ফল লাভ করেছেন?

না। এক্সেলসিয়র পাস শুধুমাত্র ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে করা হয়।

এক্সেলসিয়র পাস গোপনীয়তা নীতিমালা আমি কোথায় পড়তে পারি?

আপনি https://epass.ny.gov/privacy এ এক্সেলসিয়র পাস গোপনীয়তা নীতিমালা দেখতে পারেন।

প্রযুক্তিগত সহায়তা

এক্সেলসিয়র পাস অ্যাপ্লিকেশন ব্যবহারের মৌলিক প্রয়োজনীয়তা কী?

এক্সেলসিয়র পাস স্ক্যানার iOS 13.0+ বা অ্যান্ড্রয়েড 7.0+ চলমান স্মার্টফোন ও ট্যাবলেটের সাথে সামঞ্জস্যপূর্ণ।

যদি পছন্দ করা হয়, নিউ ইয়র্কবাসীরা এক্সেলসিয়র পাস ওয়েবসাইট এর মাধ্যমে তাদের পাস অ্যাক্সেস করতে পারে এবং একটি কাগজের কপি প্রিন্ট করতে পারে।

এক্সেলসিয়র পাস কি একাধিক ভাষায় পাওয়া যায় অথবা যাদের শ্রবণ শক্তি বা দৃষ্টিশক্তির দুর্বলতা থাকতে পারে তাদের জন্য পাওয়া যায়?

ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় প্রাথমিক ভাবে চালু হওয়ার পর, এই অ্যাপস ঐতিহ্যবাহী চীনা, রাশিয়ান, হাইতি-ক্রেওল, কোরিয়ান এবং বাংলা সহ একাধিক ভাষায় পাওয়া যাবে। যাদের শ্রবণ বা দৃষ্টিশক্তির দুর্বলতা আছে তাদের জন্য এটি ব্যবহার করা সহজ কিনা তা নিশ্চিত করার জন্য অ্যাপ্লিকেশনটি পুঙ্খানুপুঙ্খভাবে অ্যাক্সেসযোগ্যতা পরীক্ষার মাধ্যমে গেছে।

আমি যদি এক্সেলসিয়র পাস ওয়েবসাইট বা এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ ব্যবহার করতে না পারি তাহলে আমি কী করব?

আপনার যদি কোনো সমস্যা হয়, অনুগ্রহ করে আমাদের একজন সহায়ক, ধাপে ধাপে নির্দেশনামূলক গাইডের সাথে পরামর্শ করুন:

- এক্সেলসিয়র পাস ওয়েবসাইট
- iOS এর জন্য এক্সেলসিয়র পাস ওয়ালেট
- অ্যান্ড্রয়েডের জন্য এক্সেলসিয়র পাস ওয়ালেট

আপনি যদি এখনও আপনার সমস্যার সমাধান করতে অক্ষম থাকেন, আপনি সবসময় আপনার COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের একটি বিকল্প ফরম ব্যবহার করতে পারেন।

আমি কিভাবে এক্সেলসিয়র পাস অ্যাক্সেস এবং ডাউনলোড করব?

এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপের মাধ্যমে অথবা https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইটের মাধ্যমে পাস অ্যাক্সেস করা যাবে। এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ অ্যাপল অ্যাপ স্টোর এবং গুগল প্লে স্টোর থেকে বিনামূল্যে ডাউনলোড করা যাবে।

অংশগ্রহণকারী ব্যবসায়ীরা অ্যাপল অ্যাপ স্টোর বা গুগল প্লে স্টোর থেকে বিনামূল্যে এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ডাউনলোড করতে পারেন।

যদি আমার PCR বা এন্টিজেন পরীক্ষার ফলাফল না পাওয়া যায় তাহলে আমি কী করব?

যারা পরীক্ষায় নেগেটিভ ফলাফল লাভ করে তাদের জন্য পাস পাওয়া যায়। আপনার সরবরাহকারী বা ল্যাব থেকে আপনার পরীক্ষার নেগেটিভ ফলাফল পাওয়ার কয়েক ঘন্টার মধ্যে পাস পাওয়া যায়।

আপনি যদি আপনার পরীক্ষার ফলাফল পাওয়ার পর আপনার COVID-19 PCR টেস্ট পাস পুনরুদ্ধার করতে না পারেন, অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার ভ্যাকসিন ডকুমেন্টেশনের আপনার নাম ও ডেটার সাথে মিল আছে এবং পরে আবার চেষ্টা করুন। আপনি যদি একাধিক প্রচেষ্টার পর পাস পুনরুদ্ধার করতে অক্ষম হন, আপনি আপনার পরীক্ষার নেগেটিভ একটি বিকল্প ফরম ব্যবহার করতে পারেন, যেমন- অন্য মোবাইল অ্যাপ্লিকেশন বা কাগজের ফরম।

যদি অ্যাপটি বলে যে আমার COVID-19 PCR টেস্ট পাস বা COVID-19 এন্টিজেন টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে তাহলে আমি কী করব?

আপনার সাম্প্রতিক পরীক্ষার পাসের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে আপনাকে আরেকটি পরীক্ষা নিতে হবে। আপনি যদি গত 3 দিনে PCR পরীক্ষা বা গত 6 ঘন্টায় একটি এন্টিজেন পরীক্ষা সম্পন্ন করেন এবং একাধিক প্রচেষ্টার পর আপনি পাস পুনরুদ্ধার করতে অক্ষম হন, তাহলে আপনি আপনার পরীক্ষার নেগেটিভ একটি বিকল্প ফরম ব্যবহার করতে পারেন, যেমন- অন্য মোবাইল অ্যাপ্লিকেশন বা কাগজের ফরম। মেয়াদ উত্তীর্ণ পাস ব্যবসা বা ভেন্যুতে গ্রহণ করা হবে না।

আমার পাস উদ্ধারের সময় যদি আমি আমার পরিচয় যাচাই করতে না পারি তাহলে আমি কী করব?

প্রথমত, নিশ্চিত করুন যে আপনি যে ডেটা ব্যবহার করছেন তা আপনার টিকা রেকর্ড বা ল্যাব রিপোর্ট থেকে তথ্যের সাথে মিলে যায়। আপনি যদি একাধিক প্রচেষ্টার পর পাস পুনরুদ্ধার করতে অক্ষম হন, তাহলে আপনি আপনার COVID-19 টিকাপ্রদান বা পরীক্ষার নেগেটিভ ফলাফলের একটি বিকল্প ফরম ব্যবহার করতে পারেন, যেমন- অন্য মোবাইল অ্যাপ্লিকেশন বা কাগজের ফরম।

যদি আমার টিকার রেকর্ড না পাওয়া যায় তাহলে আমি কী করব?

আপনি একটি COVID-19 টিকা পাস পুনরুদ্ধার করতে পারেন যদি:

- গত 10 দিনের মধ্যে COVID-19 এর জন্য পজিটিভ পরীক্ষিত না হয়ে থাকেন; এবং/অথবা
- আপনাকে নিউ ইয়র্ক স্টেটে সম্পূর্ণরূপে টিকা দেওয়া হয়েছে এবং
- আপনার চূড়ান্ত শটের পর 15 দিন বা তার বেশি সময় হয়ে গেছে

আপনি যে টিকা পেয়েছেন তা অবশ্যই FDA কর্তৃক অনুমোদিত হতে হবে। বর্তমানে FDA কর্তৃক অনুমোদিত টিকাগুলোর মধ্যে রয়েছে ফাইজার-বায়োএনটেক, মডার্না এবং জনসন অ্যান্ড জনসন/জ্যানসেন। COVID-19 টিকাপ্রদান। ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টিকার জন্য 3-4 সপ্তাহের ব্যবধানে দুটি ডোজ প্রয়োজন এবং জনসন অ্যান্ড জনসন/জ্যানসেন টিকার জন্য এক ডোজ প্রয়োজন।

আপনি যদি প্রয়োজনীয়তা পূরণ করেন, নিশ্চিত করুন যে আপনি যে তথ্য প্রবেশ করছেন তা আপনার টিকার রেকর্ডে থাকা তথ্যের সাথে মিলে যায়। আপনি যদি একাধিক প্রচেষ্টার পর পাস পুনরুদ্ধার করতে অক্ষম হন, তাহলে আপনি আপনার COVID-19 টিকার একটি বিকল্প ফরম ব্যবহার করতে পারেন, যেমন- অন্য মোবাইল অ্যাপ্লিকেশন বা কাগজের ফরম।

আমার পাসের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে আমি কী করব?

পাস তিন ধরনের যেগুলির মেয়াদের বিভিন্ন সময়সীমা আছে।

COVID-19 টিকাপ্রদান পাস টিকার চূড়ান্ত ডোজ দেওয়ার পর 180 দিনের জন্য দিনের জন্য বৈধ। পাসের মেয়াদ শেষ হওয়ার পর, আপনি https://epass.ny.gov এ এক্সেলসিয়র পাস ওয়েবসাইট থেকে একটি নতুন পাস পুনরুদ্ধার করতে পারেন।

COVID-19 PCR টেস্ট পাস একটি পরীক্ষার পর তৃতীয় দিন মধ্যরাত পর্যন্ত বৈধ। আপনার COVID-19 PCR টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, একটি নতুন পাস পুনরুদ্ধার করতে একটি নতুন পরীক্ষা প্রয়োজন।

COVID-19 এন্টিজেন টেস্ট পাস একটি পরীক্ষার সময় থেকে 6 ঘন্টার জন্য বৈধ। আপনার COVID-19 এন্টিজেন টেস্ট পাসের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, একটি নতুন পাস পুনরুদ্ধারের জন্য একটি নতুন পরীক্ষা প্রয়োজন।

আমি কিভাবে এক্সেলসিয়র পাস ওয়ালেট অ্যাপ থেকে একটি পাস অপসারণ করব?

অনুগ্রহ করে কিভাবে ধাপে ধাপে একটি পাস অপসারণ করা যায় যা আপনার জন্য সবচেয়ে প্রাসঙ্গিক তা পর্যালোচনা করুন:

- iOS এর জন্য এক্সেলসিয়র পাস ওয়ালেট
- অ্যান্ড্রয়েডের জন্য এক্সেলসিয়র পাস ওয়ালেট

যদি কোনো সমস্যা হয় অথবা আমার আরো প্রশ্ন থাকে তাহলে আমি কী করব?

আপনি যদি এখনও সমস্যায় থাকেন, তাহলে আপনি এক্সেলসিয়র পাস সাপোর্ট ফরম পূরণ করতে পারেন অথবা দৈনিক সকাল 7টা থেকে রাত 10টা পর্যন্ত এক্সেলসিয়র হেল্প ডেস্কে 844-699-7277 নম্বরে যোগাযোগ করতে পারেন। মনে রাখবেন যে সাপোর্ট টিমের কোনো ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডে প্রবেশাধিকার নেই এবং তাই তারা পাসের জন্য ব্যক্তিগত যোগ্যতা সম্পর্কে সুনির্দিষ্ট বিবরণ প্রদান করতে পারবেন না।

আমি কিভাবে অ্যাপ বা পাস সম্পর্কে মতামত জমা দিতে পারি?

আপনার যদি এক্সেলসিয়র পাস সম্পর্কে মতামত থাকে, অনুগ্রহ করে আমাদের সাপোর্ট ফরমের মাধ্যমে শেয়ার করুন।